



আইনের শাসনে সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করলেন ধর্ম উপদেষ্টা



সংগৃহীত ছবি

চট্টগ্রামের সাতকানিয়ায় এক অনুষ্ঠানে ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন বলেন, দেশে আইনের শাসন প্রতিষ্ঠায় সরকার দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ। তিনি জানান, শতবর্ষী সাতকানিয়া আদালত ভবনকে আধুনিক বহুতল কাঠামোয় রূপ দিতে প্রকৌশলী ও স্থপতিদের সঙ্গে আলোচনা হয়েছে এবং প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে। উপদেষ্টা আরও বলেন, দীর্ঘ বিরতির পর নাগরিকরা ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাচ্ছে। উৎসবমুখর পরিবেশে ভোটগ্রহণ ও শান্তিপূর্ণ ক্ষমতা হস্তান্তরের আশা ব্যক্ত করেন তিনি। আইনজীবী সমিতির আয়োজনে অনুষ্ঠানে বিচারক, শিক্ষক ও আইনজীবী নেতারা উপস্থিত ছিলেন। পরে তিনি সাতকানিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নতুন এক্স-রে মেশিন সংযোজন কার্যক্রম উদ্বোধন করেন।

LENS ASIA